অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/24/2024 **গভর্নর ক্যাথি হোকল**

নতুন চাকরি তৈরি করা: গভর্নর HOCHUL (হোকল) নায়াগ্রা কাউন্টিতে সোলার অ্যারের অনুমোদন ঘোষণা করলেন

125 MW প্রোজেক্ট 25,000-এর বেশি বাসায় ক্লিন এনার্জি নিয়ে আসবে এবং 200-এর বেশি স্থানীয় নির্মাণ চাকরিকে সমর্থন করবে

2021 সালের পর থেকে ORES 19টি বড়-স্কেলের রিনিউয়েবল এনার্জির প্রোজেক্ট অনুমোদিত করেছে

এখন পর্যন্ত ORES-এর প্রোজেক্টগুলি স্টেটে 2.8 গিগাওয়াট নতুন ক্লিন এনার্জি দিবে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেটের (New York State) অফিস অফ রিনিউয়েবল এনার্জি সাইটিং অ্যান্ড ট্রান্সমিশন (Office of Renewable Energy Siting and Electric Transmission, ORES) সমারসেটের (Somerset) সোলার অ্যারের জন্য চূড়ান্ত সাইটিং অনুমতি দিয়েছে। নায়াগ্রা (Niagara) কাউন্টির সমারসেট টাউনে অবস্থিত এই প্রোজেক্টটি 125 মেগাওয়াট (MW) ক্লিন, রিনিউয়েবল এনার্জি তৈরি করবে। কার্যকর হওয়ার পর ফ্যাসিলিটিটি প্রতি বছর 177,000 টনের বেশি কার্বন নিঃসরণ কমাবে, যা হলো রাস্তা থেকে 35,000 গাড়ি সরিয়ে নেওয়ার সমতুল, এবং 25,000-এর বেশি গড় আকারের বাসার পাওয়ারের জন্য এটি পর্যাপ্ত ইলেক্ট্রিসিটি তৈরি করবে।

"সমারসেট সোলার অ্যারেটি হলো ক্লিন এনার্জি অর্থনীতি পাওয়ার ক্ষেত্রে নিউ ইয়র্ক স্টেটের অগ্রগতির একটি উদাহরণ," **গভর্নর হোকল বলেন।** "এই সাইটিং অনুমতি দেওয়ার মাধ্যমে আমরা ওয়েস্টার্ন নিউ ইয়র্কে ভালো বেতনের চাকরি তৈরি করছি, এবং একই সাথে আমাদের পরিবার ও ব্যবসার জন্য ক্লিন, সাস্টেনেবল এনার্জি দেওয়ার ব্যবস্থা করছি।"

সমারসেট সোলার প্রোজেক্টটি হলো একটি রিপার্পাস করা ইন্ডাস্ট্রিয়াল সাইটে একটি রিনিউয়েবল এনার্জি ফ্যাসিলিটির জন্য দেওয়া প্রথম ORES অনুমতি। ফ্যাসিলিটির কিছু অংশ Somerset Station অবস্থিত, এটি একটি সাবেক কয়লার প্ল্যান্ট, এবং বাকি অংশ একটি ল্যান্ডফিলে অবস্থিত, দুইটি স্থানই সোলার ডেভেলপমেন্টের জন্য আদর্শ।

একটি সময়মতো, বিস্তারিত, এবং স্বচ্ছ রিভিউ প্রক্রিয়ার পর সোলার অ্যারের অনুমতি দেওয়া হয়েছে যেখানে প্রস্তাবিত প্রোজেক্টটি যাতে স্টেটের আইনের আবশ্যিকতা এবং এর বাস্তবায়নের

নিয়মকানুন পূরণ করে বা অতিক্রম করে তা নিশ্চিত করার জন্য জনগণের ব্যাপক অংশগ্রহণ ছিলো। 5 ফেব্রুয়ারি সোলার অ্যারের আবেদনপত্রটি পূরণ হয়েছে বলে ধরে নেয়া হয়েছে এবং 5 এপ্রিল ORES একটি খসড়া অনুমতি দেয়। 11 জুন ORES একটি জনগণের মতামত নেওয়ার শুনানির আয়োজন করে। সম্পূর্ণ রেকর্ডটিতে 41টি জনগণের মন্তব্য এবং লিখিত বিবৃতি রয়েছে।

নিউ ইয়র্ক স্টেটের অফিস অফ রিনিউয়েবল এনার্জি সাইটিং অ্যান্ড ইলেকট্রিক ট্রান্সমিশনের এক্সিকিউটিভ ডিরেক্টর Zeryai Hagos (জেরইয়াই হ্যাগোস) বলেন, "সমারসেট সোলারের জন্য সাইটিং অনুমতির ঘোষণা দিয়ে নিউ ইয়র্ক স্টেট ক্লিন এনার্জি ট্রানজিশন এবং রিনিউয়েবল এনার্জি রিসোর্সের দায়িত্বশীল সাইটিং এবং ডেভেলপমেন্টের ব্যাপারে তাদের প্রতিশ্রুতি দেখিয়ে যাচ্ছে। 2021 সালের পর থেকে আমরা 3 GW ক্লিন এনার্জির অনুমতি দেওয়ার কাছাকাছি চলে এসেছি, এবং ORES নিউ ইয়র্ককে দেশের সবথেকে উচ্চাকাঙ্ক্ষী জলবায়ু পলিসির একটি বাস্তবায়ন করতে সাহায্য করতে থাকবে।"

Buffalo Building Trades Council-এর প্রেসিডেন্ট পল ব্রাউন বলেন, "একটি আরো পরিচ্ছন্ন, আরো সবুজ ভবিষ্যতের জন্য লেবারের সাথে পার্টনার করা প্রোজেক্টগুলি সবসময়ই নায়াগ্রা কাউন্টি এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্কের জন্য একটি ভালো খবর। গভর্নর Hochul-এর (হোকল) নেতৃত্বে আমরা আমাদের পরিবার ও কমিউনিটিগুলির জন্য আরো সুযোগ দিতে চাই।"

IBEW Local 237-এর বিজনেস ম্যানেজার জন স্কেয়ারার বলেন, "সমারসেট সোলার অ্যারে প্রোজেক্টকে সমর্থন করতে পেরে IBEW Local 237 গর্বিত। সমারসেট সোলারের সাইটিং অনুমতির ঘোষণার ফলে, যা একটি ক্লিন এনার্জি অর্থনীতি পাওয়ার দিকে নিউ ইয়র্ক স্টেটের অগ্রগতির উদাহরণ, আমাদের ইলেক্ট্রিশিয়ানদের জন্য অনেক ভালো বেতনের চাকরি তৈরি হবে। এই কাজটি স্থানীয় পরিবারগুলিকে সমর্থন করবে এবং রিনিউয়েবল ইলেক্ট্রিক্যাল এনার্জি ফিল্ডে আমাদের ডাইভার্স শিক্ষানবিশদের গ্রুপের জন্য অসাধারণ চাকরিতে থেকে ট্রেনিংয়ের সুযোগ দিবে। গভর্নর Hochul-এর (হোকল) কারণে IBEW নিউ ইয়র্কে পাওয়ার দেওয়া চালিয়ে যাচ্ছে!"

ডেভেলপারের কথা অনুযায়ী, সমারসেট প্রোজেক্টটি 18 মাসের নির্মাণ সময়কালে 200-এর বেশি ফুলটাইম নির্মাণ চাকরিকে সমর্থন করবে। ডেভেলপার জানিয়েছে যে স্থানীয় নির্মাণ চাকরি মূলত নায়াগ্রা কাউন্টির নির্মাণ ট্রেডসে যারা আছে তাদের এবং আশেপাশের আঞ্চলিক শ্রম বাজারকে লাভবান করবে বলে আশা করা যাচ্ছে, যার মধ্যে আছে সরঞ্জামের অপারেটর, ট্রাক ড্রাইভার, শ্রমিক, ল্যান্ডস্কেপার এবং ইলেক্ট্রিশিয়ান। প্রোজেক্টের নির্মাণের সময়কাল এছাড়াও স্থানীয় হোটেল, রেস্টুরেন্ট, দোকান, বিনোদন এবং পর্যটনে ব্যয় করাকে উদ্দীপিত করবে।

পাশাপাশি, কমিউনিটির হতে যাওয়া বহু লাভের মধ্যে অপারেশনের সময় স্থায়ী চাকরি তৈরি, স্থানীয় প্রোপার্টি ট্যাক্সে ব্যয়, স্থানীয় এবং আঞ্চলিক খরচ, এবং স্থানীয় কর্তৃপক্ষ, স্কুল ডিস্ট্রিক্ট, বা ইমার্জেন্সি সেবার খরচ উল্লেখযোগ্য পরিমাণ না বাড়িয়েই হওয়া সমারসেট টাউনের সাথে বহু কমিউনিটি চুক্তি আছে কিন্তু তা এর মধ্যে সীমিত নয়। ডেভেলপারের কথা অনুযায়ী, লাভের মধ্যে থাকবে সরকারি রাস্তার উন্নয়ন, স্থানীয় ইনফ্রাস্ট্রাকচার ও পাবলিক সার্ভিস, স্কুল এবং অন্যান্য কমিউনিটির অগ্রাধিকারের জন্য তহবিল দেওয়ার জন্য বেশি ট্যাক্স রেভিনিউ।

সমারসেট সোলার হলো 2021 সালের পর থেকে ORES এর অনুমোদন পাওয়া 19তম বড় স্কেলের রিনিউয়েবল এনার্জি প্রোজেক্ট, এগুলি একত্রে নিউ ইয়র্ক স্টেটে মোট 2.8 গিগাওয়াটের (gigawatts, GW) বেশি নতুন ক্লিন এনার্জির প্রতিনিধিত্ব করবে। এই অগ্রগতি অর্থপূর্ণভাবে নিউ ইয়র্ককে এর দেশসেরা **ক্লিন এনার্জি** লক্ষ্য অর্জনের দিকে নিয়ে যাচ্ছে এবং একই সাথে মুখ্য রিনিউয়েবল এনার্জি ফ্যাসিলিটির জন্য কার্যকর, স্বচ্ছ, এবং পুরোদস্তুর সাইটিং অনুমতির প্রক্রিয়ার ক্ষেত্রে নিউ ইয়র্ককে একটি উদাহরণ হিসেবে প্রতিষ্ঠিত করছে।

অফিসের ওয়েবসাইট https://ores.ny.gov/permit-applications-এ গিয়ে আজকের সিদ্ধান্ত জানা যাবে।

নিউ ইয়র্ক স্টেটের জলবায়ু এজেন্ডা
নিউ ইয়র্ক স্টেটের জলবায়ুর এজেন্ডা এমন একটি পরিচ্ছন্ন শক্তির অর্থনীতিতে একটি সাশ্রয়ী মূল্যের এবং ন্যায্য পরিবর্তন করার আহ্বান জানায় যা পরিবারকে টিকিয়ে রাখার মতো চাকরি তৈরি করে, পরিবেশ অনুকূল বিনিয়োগের মাধ্যমে অর্থনৈতিক প্রবৃদ্ধি বাড়ায় এবং তাদের সুবিধাগুলির কমপক্ষে 35 শতাংশ সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলিকে প্রদান করার জন্য নির্দেশ করে। নিউ ইয়র্ক 2050 সালের মধ্যে একটি নির্গমন-মুক্ত অর্থনীতি অর্জনের জন্য অনেক প্রচেষ্টার উন্নতি করছে, যার মধ্যে শক্তি, ভবন, পরিবহণ এবং বর্জ্য খাতগুলি অন্তর্ভুক্ত।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন